২০২৩

বাংলা — সাধারণ

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-1 and DSE-A-2

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

পত্র : DSE-A-1

(বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস)

পূর্ণমান - ৬৫

১। (ক) বাঙালি জাতির নৃতাত্ত্বিক পরিচয় দাও। ১০

অথবা,

(খ) বাংলার সমাজ ও সংস্কৃতিতে শ্রীচৈতন্যদেবের অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

২। (ক) বাংলার সমাজ ও ধর্ম সংস্কারে রাজা রামমোহন রায়ের অবদান আলোচনা করো। ১০

অথবা,

(খ) সাঁওতাল বিদ্রোহের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

৩। (ক) ১৯০৫ খ্রিস্টাব্দের বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের স্বরূপ আলোচনা করো। ১০

অথবা,

(খ) নকশাল আন্দোলনের পটভূমিতে রচিত বাংলা সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

৪। (ক) প্রাচীন বাংলার সমাজ কাঠামো সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫

অথবা,

(খ) বাংলার লৌকিক ধর্মাচরণের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৫। টীকা লেখো—

(ক) তত্ত্ববোধিনী সভা ৫

অথবা,

(খ) নীল বিদ্রোহ। ৫

Please Turn Over

৬। (ক) ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

অথবা,

(খ) বরাক উপত্যকার বাংলা ভাষা আন্দোলনের ঐতিহাসিক গুরুত্ব নির্দেশ করো। ৫

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) প্রাচীন বাংলার রাজনৈতিক ইতিহাসে 'মাৎসন্যায়'-এর স্বরূপ আলোচনা করো।

(খ) বাংলায় ইংরেজি শিক্ষা বিস্তারের সুফলগুলি সংক্ষেপে আলোচনা করো।

(গ) পরাধীন ভারতবর্ষে বাঙালি মুসলমানের স্বতন্ত্র জাতিসত্তা বিকশিত হওয়ার কারণ সম্পর্কে সংক্ষেপে লেখো।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) শ্রীচৈতন্যদেবের জন্ম সাল উল্লেখ করো।

(খ) শশাঙ্কের রাজধানীর নাম কী ছিল?

(গ) একটি চৈতন্যজীবনী গ্রন্থের নাম উল্লেখ করো।

(ঘ) পরাগল খাঁর আমলে বাংলায় কোন্ কবি মহাভারত রচনা করেন?

(ঙ) বর্গী কাদের বলা হত?

(চ) 'দিগ্‌দর্শন' পত্রিকাটির প্রথম প্রকাশকাল উল্লেখ করো।

(ছ) বিধবাবিবাহ আইন কবে পাশ হয়?

(জ) বঙ্কিমচন্দ্রের 'আনন্দমঠ' কোন্ বিদ্রোহের পটভূমিতে রচিত?

(ঝ) 'মেঘনাদবধ কাব্য' কে রচনা করেন?

(ঞ) অসহযোগ আন্দোলন কবে শুরু হয়?

(ট) 'জাতীয় শিক্ষা পরিষদ' কবে প্রতিষ্ঠিত হয়?

(ঠ) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসের রচয়িতা কে?

(ড) গুরুচাঁদ ঠাকুরের পিতার নাম কী?

(ঢ) 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসটি কার লেখা?

(ণ) কলিকাতা বিশ্ববিদ্যালয় কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়েছিল?